uttoron
Skills for better life

Chevron | swisscontact

# উত্তরণ নিউজলেটার

নিউজলেটার। সংখ্যা ৪। ফেব্রুয়ারি-এপ্রিল ২০২১




## ত্রিপাক্ষিক সমঝোতা স্মারক স্বাক্ষর করলো উত্তরণ

উত্তরণ প্রকল্প ৯ ফেব্রুয়ারি ২০২১ তারিখে আরএমজি এন্ড টেক্সটাইল ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল (আরটিআইএসসি) এবং বাংলাদেশ গার্মেন্টস এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ) এর সাথে একটি ত্রিপাক্ষিক সমঝোতা স্মারক স্বাক্ষর করে। দেশের প্যাকেজিং ইন্ডাস্ট্রির জন্য দক্ষ এবং প্রশিক্ষিত কর্মী তৈরির লক্ষ্য নিয়ে উত্তরণ প্রকল্প জেনারেল ফিনিশিং অপারেশন (জিএফও) ট্রেডের আওতায় ২০১৯ সাল থেকে কাজ করে যাচ্ছে। এই ট্রেডের কারিকুলামকে আরো সমৃদ্ধ করার লক্ষ্যে এই ত্রিপাক্ষিক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। তিন পক্ষের সম্মিলিত প্রয়াসে এই পাঠ্যক্রমকে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) থেকে অনুমোদন করা হবে। জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালার (এনএসডিপি) সফল বাস্তবায়নে প্যাকেজিং ইন্ডাস্ট্রির জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ অনুমোদিত এই পাঠ্যক্রম রূপরেখা হিসেবে সহায়তা করবে। বিশেষভাবে উল্লেখ্য যে, উত্তরণ প্রকল্প বাংলাদেশে প্রথম বারের মতো জিএফও ট্রেডে প্রশিক্ষণ শুরু করে। জনাব মোহাম্মদ নাসির, চেয়ারপার্সন, আরটিআইএসসি; জনাব মুজিবুল হাসান, কান্ট্রি ডিরেক্টর, সুইসকন্ট্যাক্ট বাংলাদেশ এবং জনাব মোঃ আব্দুল কাদের খান, সভাপতি, বিজিএপিএমইএ নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। জনাব এম, শাহাদাত হোসেন, ভাইস-চেয়ারম্যান, আরটিআইএসসি; জনাব হেলাল উদ্দিন, ভাইস-চেয়ারম্যান (অর্থ), আরটিআইএসসি; উইং কমান্ডার (অবঃ) জগলুল হায়দার, প্রধান নির্বাহী কর্মকর্তা, আরটিআইএসসি এবং জনাব নাদিয়া আফরিন শামস, টিম লিডার, উত্তরণ উক্ত আয়োজনে উপস্থিত ছিলেন।

### প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রমের আপডেট

হবিগঞ্জ এবং মৌলভীবাজারে প্রশিক্ষণ শেষ করলো **২০০ জন**

সিলেটে কর্মসংস্থান পূর্ব দক্ষতা উন্নয়ন কর্মশালায় **৬৪ জনের** অংশগ্রহণ

হবিগঞ্জে প্রশিক্ষণ পূর্ব ওরিয়েন্টেশন কর্মশালায় **২১১ জনের** অংশগ্রহণ

চাকুরিতে সফলভাবে তিন মাস পার করে ফেললো উত্তরণের **৯৬ জন** গ্রাজুয়েট

# উত্তরণের জিএফও প্রশিক্ষকরা পেলো ইন্ডাস্ট্রি বেইসড ট্রেনিং

উত্তরণ প্রকল্প প্রাণ-আরএফএল ইন্ডাস্ট্রিজ এর সহায়তায় ৫-৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখে জিএফও ট্রেডের প্রশিক্ষকদের জন্য ইন্ডাস্ট্রি প্রাঙ্গনে তিন দিনের ইন্ডাস্ট্রি বেইসড প্রশিক্ষণের আয়োজন করে। বাংলাদেশে প্রথম বারের মতো চালু হওয়া জিএফও ট্রেডে অভিজ্ঞ প্রশিক্ষকের অভাব রয়েছে। প্রশিক্ষকদের সক্ষমতা বৃদ্ধি এবং প্রোডাকশন ও প্যাকেজিং সেক্টরের প্রয়োজনীয়/ অত্যাবশ্যক বিষয়সমূহ তাদের হাতে-কলমে রপ্ত করানোই ছিল এই প্রশিক্ষণের উদ্দেশ্য। তিন দিনের এই প্রশিক্ষণে উত্তরণ প্রকল্পের পার্টনার ট্রেনিং সেন্টারের প্রশিক্ষকদের ইন্ডাস্ট্রির প্যাকেজিং সংশ্লিষ্ট সকল প্রক্রিয়া এবং পদক্ষেপ সম্পর্কে জানানো হয়, প্রশিক্ষক হিসাবে যা তাদের দক্ষতা বৃদ্ধিতে ব্যাপক সহায়ক হবে ও প্রশিক্ষকদের এই বাস্তব অভিজ্ঞতার কারণে উত্তরণের জিএফও ট্রেডের শিক্ষার্থীগণ আরো উন্নত এবং মানসম্মত প্রশিক্ষণ পাবে বলে আশা করা হচ্ছে। প্রাণ-আরএফএল ইন্ডাস্ট্রিয়াল পার্কের কর্মকর্তারা প্রশিক্ষকদের জন্য উত্তরণের এই ইন্ডাস্ট্রিয়াল প্রশিক্ষণের প্রশংসা করেন। সিলেট অঞ্চলে উত্তরণ প্রকল্পের দুই পার্টনার সংস্থা ইউসেপ এবং টিএমএসএস - এর প্রশিক্ষকবৃন্দ এই প্রশিক্ষণে অংশগ্রহণ করে।

## শুরু হচ্ছে উত্তরণ প্রকল্পের ঢাকার প্রশিক্ষণ

উত্তরণ প্রকল্প ঢাকায় প্রশিক্ষণ শুরু করার প্রথম পদক্ষেপে নতুন ট্রেনিং পার্টনার ইউসেপ বাংলাদেশ এবং মোবিকেয়ার টেকনোলজিস লিমিটেডের সাথে চুক্তি স্বাক্ষর করেছে। এই চুক্তির আওতায় ইউসেপ ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের মোট ৩০০ জন প্রশিক্ষণার্থীকে ইলেকট্রিক্যাল, ওয়েল্ডিং এবং জিএফও ট্রেডে তিন মাসের প্রশিক্ষণ দিবে এবং মোবিকেয়ার টেকনোলজিস ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১০০ জন প্রশিক্ষণার্থীকে মোবাইল ফোন সার্ভিসিং প্রশিক্ষণ প্রদান করবে।

## ব্যুরো ভেরিটাসের সাথে আলোচনা




উন্নত ওয়েল্ডিং প্রশিক্ষণের সম্যক ধারণা অর্জনে উত্তরণ প্রকল্প ব্যুরো ভেরিটাস (বাংলাদেশ) প্রাইভেট লিমিটেডের সাথে বিস্তারিত আলোচনা করেছে। ব্যুরো ভেরিটাস (বাংলাদেশ) প্রাইভেট লিমিটেডের মেরিন এন্ড অফশোর কান্ট্রি ম্যানেজার হারুনুর রশিদ এবং উত্তরণের পক্ষে নাদিয়া আফরিন শামস, টিম লিডার; মোঃ মশিউর রহমান, ইন্টারভেনশন ম্যানেজার এবং মোঃ আশিকুজ্জামান, সিনিয়র প্রজেক্ট অফিসার উক্ত আলোচনায় উপস্থিত ছিলেন।

## শুরু হচ্ছে হাউসকিপিং ট্রেডের প্রশিক্ষণ

সিলেটের বিখ্যাত টনি খান হোটেল ম্যানেজমেন্ট ইনস্টিটিউট এর সাথে চুক্তি স্বাক্ষর করলো উত্তরণ প্রকল্প। এই চুক্তির আওতায় উত্তরণ প্রকল্প সিলেট সদরে শুরু করতে যাচ্ছে হাউসপিকিং ট্রেডর প্রশিক্ষণ, মোট ৫০ জন আগ্রহী তরুণ-তরুণী এই প্রশিক্ষণের সুযোগ পাবেন। সিলেট বিভাগ এবং দেশের অন্যান্য জায়গার হাউজকিপিং সেক্টরের বিকাশ এং চাকুরির সম্ভাব্যতার বিবেচনায় এই ট্রেডের গ্রাজুয়েটরা সফলতার স্বাক্ষর রাখবে বলে উত্তরণের আশাবাদ।



## ঢাকায় প্রি-ট্রেনিং এবং প্রি-এমপ্লোয়মেন্ট রিফ্রেশারের আয়োজন করলো উত্তরণ



প্রশিক্ষণ শুরুর আগে প্রি-ট্রেনিং ওরিয়েন্টেশন এবং চাকুরিতে যোগদানের আগে প্রি-এমপ্লোয়মেন্ট ওয়ার্কশপ উত্তরণ প্রকল্পের দুটি অনন্য সংযোজন। এর মাধ্যমে যেমন সঠিক প্রার্থীকে প্রশিক্ষণে নিয়োজিত করা যায় তেমনি প্রশিক্ষণ শেষে চাকুরিতে স্থায়ী হওয়ার উপায় সম্পর্কেও গ্রাজুয়েটদের আলোকপাত করা হয়। প্রকল্পের যেসকল প্রশিক্ষক এই ওয়ার্কশপগুলো পরিচালনা করে থাকেন তাদের সকলের এই কর্মশালাগুলোয় অর্জিত জ্ঞান এবং উত্তরণের প্রতিনিধিদের মতামত বিনিময়ের জন্য ১১ ফেব্রুয়ারি একটি রিভিউ মিটিং এর আয়োজন করা হয় ঢাকার ব্র্যাক সেন্টারে, সকল প্রশিক্ষকবৃন্দ এবং উত্তরণের প্রতিনিধিগণ প্রশিক্ষণকে আরো ফলপ্রসূ করতে প্রশিক্ষণের মডিউল দু'টিতে কিছু পরিবর্তন আনেন।

# বিটাকের সাথে আলোচনা

ওয়েল্ডিং বিষয়ে উন্নত এবং আধুনিক প্রশিক্ষণ প্রদানের জন্য সরকারি একটি প্রতিষ্ঠানের সক্ষমতা সমৃদ্ধিকরণ উত্তরণ প্রকল্পের দ্বিতীয় ধাপের কাজের একটি অংশ। প্রাথমিক পর্যায়ে প্রকল্পের প্রতিনিধিগণ খুলনা এবং চট্টগ্রামের সাতটি সরকারি প্রতিষ্ঠান পরিদর্শন করেন এবং প্রয়োজনীয় বিবেচ্য বিষয়গুলোর পর্যালোচনার ভিত্তিতে পুনরায় শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) চট্টগ্রাম কেন্দ্র পরিদর্শন করেন।



# ইন্ডাস্ট্রি এক্সপার্টদের অংশগ্রহণে টাস্ক এনালাইসিস ওয়ার্কশপ

উত্তরণ, বিজিএপিএমইএ এবং আরটিআইএসসি ২৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখে ঢাকায় ইন্ডাস্ট্রি এক্সপার্টদের অংশগ্রহণে আয়োজন করেছে টাস্ক এনালাইসিস ওয়ার্কশপ। এই ওয়ার্কশপের উদ্দেশ্য ছিলো জিএফও ট্রেডের জন্য কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড (সিএস) তৈরির প্রক্রিয়ায় ইন্ডাস্ট্রি এক্সপার্টদের মতামত গ্রহণ করা। মানসম্মত জাতীয় পাঠ্যক্রমের অভাবে প্যাকেজিং খাতে প্রশিক্ষণের যেমন সুযোগ নেই একই সাথে বাজারে দক্ষ জনবলের অভাবে ফ্যাক্টরির কাজও ব্যাপকভাবে ব্যাহত হচ্ছে। এই পাঠ্যক্রম চূড়ান্ত অনুমোদনের মাধ্যমে এই বিষয়ে প্রশিক্ষণের জন্য অনেক প্রতিষ্ঠান উদ্যোগী হতে পারবে যা দেশের জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা (এনএসডিপি) অর্জনে সহায়তা করবে। আরটিআইএসসি-এর সম্মানিত চেয়ারম্যান জনাব মোহাম্মদ নাসির উক্ত অনুষ্ঠানের উদ্বোধন করেন। বিজিএপিএমইএ -এর ভাইস প্রেসিডেন্ট এবং ইন্ডাস্ট্রি এক্সপার্টবৃন্দ উক্ত অনুষ্ঠানে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন।






***মিলাদ হোসেন**, দেবপাড়া ইউনিয়ন, নবীগঞ্জ উপজেলা, হবিগঞ্জ, এসিস্ট্যান্ট অপারেটর, প্রাণ-আরএফএল ইন্ডাস্ট্রিয়াল পার্ক, হবিগঞ্জ*

# নিজে খুব বেশি পড়াশুনা করতাম পারি নাই, আমি চাই আমার ট্যাকায় চাইর ভাই-বোইনের পড়াশুনা হউক

এখন মিলাদের দিন শুরু হয় সকাল ছ'টায়। উঠে, রেডি হয়ে, নাস্তা খেয়ে কাজে আসতে হয়, সাত'টা থেকে ডিউটি। যেই মিলাদ সকাল দশটা অব্দি ঘুমিয়ে থাকতো, দিনের বেলা এদিক-ওদিক ঘুরে ফিরে দিন কাটতো সে এখন কাজের চিন্তায় দম ফেলার ফুসরতটুকুও পায়না, কাজের চাপে মোবাইল দেখার সময়ও নাই। "কেমন আছেন?" জিজ্ঞেস করলে জানায়, "আলহামদুলিল্লাহ অনেক ভালা আছি, বাসার বাজার সদাই করতাম পারি, ছুডু ভাইবোইনেরে প্রাইভেট পড়াইনোর ট্যাকা দিতে পারি, নিজের লাইগা ট্যাকা খরচ করতাম পারি, সব কিছু মিলায়া ভালা আছি। এসিস্ট্যান্ট প্যাকেজিং অপারেটর হিসেবে সফলভাবে চাকুরিতে তিন মাস অতিক্রম করে ফেলেছে মিলাদ। কাজ করছে প্রাণ আরএফএল ইন্ডাস্ট্রিয়াল পার্কের বিস্কুট ফ্যাক্টরিতে। বিস্ক ক্লাব ক্রিম, ফ্রুটফান, অরেঞ্জ, পাইন এপেল, এলাচি, নাটি এবং চয়েস এই সাতটি বিস্কুটের অটো প্যাকেজিং মেশিন চালানোর অভিজ্ঞতা এর মধ্যেই হয়ে গিয়েছে তার।

হবিগঞ্জের নবীগঞ্জ উপজেলার ১০ নং দেবপাড়া ইউনিয়নের ছেলে মিলাদ হোসেনের বয়স ২১ বছর। ২০১৯ সালের রুস্তমপুর সুন্নিয়া দাখিল মাদ্রাসা থেকে দাখিল পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। নানী, বাবা-মা, একবোন ও চার ভাইয়ের সংসারের বড় ছেলের পড়াশোনার ইতি সেখানেই টানতে হয়েছে। উপায়ও ছিল না, তার ভাষ্যে, "আব্বায় কৃষি কাজ করে, কিন্তু আমরার ইদিকে এক ফসলী জমি, এক-দুইবার ক্ষিরাও করছিলাম, লাভ হয় কিন্তু পুঁজি নাইতো। আব্বায় রাজ মিস্ত্রীর কাজও করে, ডেইলি তিনশো ট্যাকা। এমনে তো চলতাসিলোনা। শুরুতে কাম লইসিলাম আউশকান্দির গার্মেন্টসও, এক বছর কাম করছি হেনো, কিন্তু বেতনে পুষাইতোনা আবার সময় মতো বেতনও দিতো না, তাই সেইটা ছাইড়া একটু রিস্ক লইয়াই ভর্তি হইছি উত্তরণ ট্রেনিংয়ো, এর মধ্যে করোণা আইসা ট্রেনিং বন্ধ আছিলো ছয় মাস, তখন খুব কষ্ট হইছে। এর পর ট্রেনিং শেষ কইরা চাকরিত ঢুকত ঢুকত জানুয়ারি মাস আয়া পরছে। জানুয়ারির বারো তারিখো জয়েন করলাম এনো, এরপর পরথম সপ্তা শুধু দেখতে কইছে, কুনো কিছু ধরতে মানা করছে, এরপর আস্তে আস্তে কাম শুরু করলাম। আল্লাহর রহমতে আর আপনাগো দুয়ায় এহন ভালাভাবে কাজ করতাছি, বেতনও পাই সময় মতো আবার ব্যাংকো বেতন দেয়, এটিম কার্ড দিয়া বুথেরতে ট্যাকা তুলি, খুব আনন্দ লাগে। "মিলাদ জানায় তার সুপারভাইজার আরিফ হোসেন তার কাজের প্রশংসা করেন এবং প্রশিক্ষণে মেশিন-টুলসের পরিচিতি এবং কার্য-প্রণালীর মূল বিষয়গুলো জেনে আসার কারণে তাকে পছন্দ করেন। "বসে আমারে বেশি পছন্দ করে আমার আদব কায়দার লাইগা", স্মিত হেসে মুখ লুকায় মিলাদ।

পরিবারের অভাব অনটন দূর করা এবং নতুন কিছু শিখে ভালো চাকুরি করার তাগিদ থেকেই উত্তরণ প্রশিক্ষণে যোগ দেয় মিলাদ হোসেন। এলাকায় মাইকিং এবং পোস্টারিং দেখে সে উত্তরণ প্রশিক্ষণের ব্যাপারে জানতে পারে। বর্তমানে ৮৫০০ টাকা মাসিক বেতন পাচ্ছেন, গত তিন মাস ধরে প্রতি মাসে ৫০০০ টাকা পরিবারে দিয়েছেন। বাবার উপার্জনের সাথে তার এই অংশগ্রহণে পরিবারে অনেকটাই স্বস্তি এসেছে। সামনে পরিকল্পনা আছে বাড়ির পাশে জায়গা কিনে পাকা বাড়ি দেওয়ার এবং ছোট ভাইদের লেখাপড়া করানোর, ছোটবোনকে এসএসসি এবং সম্ভব হলে এইচএসসি পাশ করিয়ে এরপর বিয়ের চিন্তা করার।

উত্তরণের হবিগঞ্জ প্রশিক্ষণ কেন্দ্রের জেনারেল ফিনিশিং অপারেশন বিষয়ের গ্রাজুয়েট মিলাদ। আপাতত মেশিনের মেইন অপারেটর হওয়া মিলাদ হোসেনের ধ্যান-জ্ঞাণ। বর্তমানে প্রশিক্ষণরতদের প্রতি তার বক্তব্য, "তারারা যুদি আসলেই কাম করবার চায় তাইলে একশো ভাগ ভালা কাম পাইবো, প্রশিক্ষণ শেষ হওয়ার লগে লগেই কাম পাই যাইবো আর কাম করতে আইলে মিশিন পার্টসের জানাশুনা থাকার কারণে বসে তারারে কদর করবো।"

উত্তরণ - উন্নত জীবনের লক্ষ্যে
**সুইসকন্ট্যাক্ট বাংলাদেশ**
হাউজ-২৮, রোড-৪৩, গুলশান-২, ঢাকা ১২১২, বাংলাদেশ
www.swisscontact.org/bangladesh

uttoron
*Skills for better life*

Chevron

swisscontact